পাইয়া থাকেন। তদীয় সেবক শ্রীদারুক প্রভৃতির নিকটে ইষ্টদেবরূপে প্রকাশ পাইয়া থাকেন—ইহা প্রসিদ্ধ। এস্থানে শ্রীমতী মোহিনী মূর্ত্তির প্রতি মহাদেবের যে ভাবটি প্রকাশ পাইয়াছিল, সেটি কিন্তু স্বীকার করা হয় নাই। যেহেতু এ ভাবটি অযুক্ত বলিয়া এই প্রসঙ্গে উল্লেখ করা হয় নাই, তাহার কারণ এই যে শ্রীহরির মায়ায় মোহিত হইয়াই শ্রীশঙ্করের তাদৃশ কামভাব উদয় হইয়াছিল। তাহা হইলে পূর্ব্ববর্ণিত প্রকারে, সেই সেই কান্তাদি অভিমানলক্ষণ ভাববিশেষে স্বাভাবিক রাগের বৈশিষ্ট্য থাকিলে, সেই সেই রাগ প্রেরিত হইয়া যে তাহাদের শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, বন্দন, আত্মনিবেদন প্রধান ভক্তি অনুষ্ঠিত হয়, তাহার নাম রাগাত্মিকা ভক্তি। সেই ভক্তি সাধ্যরাগলক্ষণা ভক্তিগঙ্গাতে তরঙ্গের মত প্রকাশ পায় বলিয়া, সেই রাগ-প্রেরিত হইয়া অনুষ্ঠিত ভক্তি ও সাধ্যা। এ স্থানের অভিপ্রায় এই যে গঙ্গাতে যেমন তরঙ্গ, সেই তরঙ্গ গঙ্গা হইতে ভিন্ন বস্তু নয়, তেমনই সাধ্যা রাগাত্মিকা গঙ্গাতে শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তি ও তরঙ্গের মত সাধ্যা। কিন্তু সাধনপ্রকরণে সেই শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তির প্রবেশ নাই। অর্থাৎ রাগী ভক্ত যে শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তিঅঙ্গ অনুষ্ঠান করেন, তাহার নাম সাধনভক্তি নহে—সাধ্যভক্তি।

ইহার পর রাগানুগা ভক্তি বলা হইতেছে। যাহার পূর্ব্ববর্ণিত রাগ-বিশেষে রুচিই জন্মিয়াছে কিন্তু স্বয়ং রাগবিশেষ উদয় হয় নাই, সেই ভক্তের পূর্ব্ববর্ণিত রাগ— সুধাকর কিরণাভাস পতিত হইয়া যে হৃদয়রূপ স্ফটিকমণি উচ্ছলিত হয়, তাহা শাস্ত্র, শ্রীগুরু এবং সাধুমুখ হইতে সেই রাগাত্মিকা ভক্তির যে সকল পরিপাটী অর্থাৎ কায়িক, বাচিক, মানস প্রেমচেষ্টা শ্রবণ করিয়া সেই সকল পরিপাটী অর্থাৎ চেষ্টাতেও রুচির উদয় হইয়া থাকে। এই স্থানের অভিপ্রায় এই যে—যে ভক্তের হৃদয়টি স্ফটিকমণির মত স্বচ্ছ অর্থাৎ কামক্রোধ প্রভৃতি দুষ্টভাবে দূষিত নয়, সেই ভক্ত সাধু, শাস্ত্র ও শ্রীগুরুমুখ হইতে যে রাগাত্মক ভক্তের রাগবিশেষে রুচির উদয় হয়, সেই ভক্তের প্রেমময়ী চেষ্টা-বিশেষ শ্রবণ করিয়া চন্দ্রের কিরণ পতিত হইলে যেমন স্ফটিকমণি উচ্ছলিত হয়, তেমনই সেই রাগাত্মক ভক্তের প্রেমময়ী চেষ্টা শ্রবণরূপ কিরণচ্ছটায় হৃদয়খানি উচ্ছলিত হইয়া তাহার সেই সকল প্রেমচেষ্টাতে রুচির উদয় হইয়া থাকে।

অতএব রুচিবিশেষ প্রেরিত হইয়া সেই রাগের অনুগতভাবে যে ভক্তিটি অনুষ্ঠিত হয়, তাহার নাম রাগানুগা। রাগানুগা ভক্তিকেই কেহ কেহ "অবিহিতা"—এই নামে পরিচয় করাইয়া থাকেন। যেহেতু এই ভক্তি কেবল